# যুগান্তর

তারিখ ... 10 MAY 2008 ...
পৃষ্ঠা: ১৮ কলাম: ৭

## রংপুর বিশ্ববিদ্যালয় আইন হচ্ছে

যুগান্তর রিপোর্ট

তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার প্রতিশ্রুতি পূরণের জন্য রংপুর সরকারি বিশ্ববিদ্যালয় আইন প্রণয়ন করা হচ্ছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইনের আদলে নতুন এ বিশ্ববিদ্যালয় আইন প্রণীত হচ্ছে। প্রস্তাবিত আইনে রংপুর সরকারি বিশ্ববিদ্যালয়কে স্বাবলম্বী করার জন্য নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেয়া হচ্ছে। তবে এ নতুন বিশ্ববিদ্যালয় কোথায় প্রতিষ্ঠিত হবে তা নিয়ে এখনও জটিলতা কাটেনি। রংপুরবাসী আলাদা জমিতে নতুন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি জানিয়েছেন। কিন্তু এখনও রংপুর সরকারি বিশ্ববিদ্যালয় কোথায় প্রতিষ্ঠিত হবে তা চূড়ান্ত করা হয়নি। এদিকে রংপুরের নাগরিক কমিটির আহ্বায়ক রংপুর পৌরসভার সাবেক চেয়ারম্যান মোহাম্মদ আফজল হোসেন ঢাকা, রাজশাহী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আদলে

আইন : পৃষ্ঠা ১৫ : কলাম ৪

## আইন : রংপুর বিশ্ববিদ্যালয়

(শেষ পৃষ্ঠার পর) রংপুর সরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি জানিয়েছেন। ১১ এপ্রিল প্রধান উপদেষ্টার কার্যালয়ে দেয়া এক স্মারকলিপিতে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি করে রংপুর নাগরিক কমিটি। ৭ দফা দাবি সংবলিত ওই স্মারকলিপিতে ২০০৮-২০০৯ অর্থবছর থেকে রংপুর সরকারি বিশ্ববিদ্যালয়ের কাজ শুরুর দাবি জানানো হয়। স্মারকলিপিতে রংপুর সদর উপজেলার লাহিড়ীরহাট এলাকায় সরকারি ৩৬৮ একর জমিতে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবি করা হয়েছে।

এর আগে আওয়ামী লীগ সরকার রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের ৯শ' একর জমির মধ্যে ৭৫ একর জমিতে রংপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করেছিল। কিন্তু বেগম খালেদা জিয়ার নেতৃত্বাধীন চারদলীয় জোট সরকার ওই প্রকল্প বাদ দেয়ার সিদ্ধান্ত নেয়। ফলে ৭৫ একর জমি অধিগ্রহণ করা হলেও এখন পর্যন্ত ওই জমি পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে। সরকারের একটি অংশ ইতিপূর্বে অধিগ্রহণকৃত সরকারি জমিতে নতুন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার চিন্তাভাবনা করছে। এ জমি নিয়ে সংকট নিরসন না হওয়ায় এখনও রংপুর সরকারি বিশ্ববিদ্যালয়ের কাজ শুরু করা যাচ্ছে না। শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, শেষ পর্যন্ত রংপুর বিশ্ববিদ্যালয় লাহিড়ীরহাটে না রংপুর কারমাইকেল কলেজের অধিগ্রহণকৃত সরকারি জমিতে হবে— এ মাসেই এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কারণ তত্ত্বাবধায়ক সরকার এ বছরের মধ্যে প্রস্তাবিত রংপুর সরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত নিচ্ছে।

এদিকে নিজস্ব আয় থেকে ব্যয় করার দৃষ্টান্ত স্থাপন করার জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন তৈরি হলেও এখনও এ বিশ্ববিদ্যালয়টি চলতে গিয়ে হোঁচট খাচ্ছে। তবে সরকার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আদলেই নতুন রংপুর সরকারি বিশ্ববিদ্যালয়ের আইন প্রণয়ন করছে। আইনটি বর্তমানে আইন মন্ত্রণালয়ে রয়েছে। পরীক্ষা-নিরীক্ষা শেষ হলেই অধ্যাদেশ আকারে আইনটি ঘোষণা করা হবে।